[redacted]

[redacted]

মেহেরপুরের আশরাফপুরে মুক্তিযোদ্ধা আফতাব আলীর ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের মুক্তিযোদ্ধা আফতাব আলী ইন্তেকাল করেছেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

শনিবার রাতে তিনি বার্ধক্যজনিত কারণে নিজ বাড়িতে ইন্তেকাল করেন । রবিবার সকালে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তার লাশ দাফন করা হয়। মৃত্যুকালে তার বয়স ছিল (৯৪) বছর। তিনি স্ত্রী, চার ছেলে ও তিন মেয়ে সহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

সদর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) মোহাম্মদ মাইনউদ্দিন রাষ্ট্রেরপক্ষ সালাম গ্রহণ করেন। এছাড়া ও উপস্থিত মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, স্থানীয় ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম, আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাজউদ্দিন আহমেদসহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে রৌপ্য উদ্ধার, মোটরসাইকেল জব্দ

ঝিনাইদহের কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কে অভিযান চালিয়ে ৬ কেজি রৌপ্য উদ্ধার করেছে জেলা গোয়েন্দা পুলিশ।
এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেল আরোহী পালিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম।
গত শুক্রবার সকালে উপজেলার বারোমাসা ব্রিজ সংলগ্ন জগনাথপুর মোড়ে এই অভিযান পরিচালনা করা হয়।
অতিরিক্ত পুলিশ সুপার মোহাইমিনুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে জেলা গোয়েন্দা পুলিশের এস.আই ইউনুস আলী গাজীর

নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে উপজেলার জগনাথপুর মোড়ে অবস্থান নেয়।
পুলিশের উপস্থিতি টের পেয়ে এক মোটরসাইকেল আরোহী তার ব্যবহৃত মোটরসাইকেল ফেলে রেখে পালিয়ে যায়। পুলিশ পিছু ধাওয়া করে তাকে ধরতে সক্ষম হয়নি।
এসময় ঝিনাইদহ-ল ১১-২২৯৫ নাম্বারের একটি লাল রঙ্গের এ্যাপাসি আর টি আর মোটরসাইকেলে তল্লাশি করে অভিনব কায়দায় রাখা ছিটের মধ্য থেকে ৬ কেজি রৌপ্য উদ্ধার করা হয়। পুলিশ জানায়, উদ্ধারকৃত রৌপ্য’র বাজার মূল্য প্রায় ৫ লক্ষ ২০ হাজার টাকা।
এব্যাপারে কোটচাঁদপুর থানায় বিশেষ আইনে অজ্ঞাত নামে মামলা দায়ের করা হয়েছে

কুমারখালীতে সরকারী নির্দেশ না মানায় ১১ প্রতিষ্ঠানকে জরিমানা

সরকারী নির্দেশনা না মেনে সন্ধ্যার পরেও দোকান খোলা রাখার অপরাধে কুষ্টিয়া কুমারখালীতে ১১ টি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

শনিবার সন্ধ্যা থেকে রাত সাড়ে ৯ টা পর্যন্ত এই অভিযান চালানো হয়।

অভিযানে নেতৃত্ব দেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান।

তিনি জানান, সরকারি আদেশ অমান্য করে কুমারখালী উপজেলার কাজিপাড়া, পদ্মপুকুর মোড়, হলবাজার, স্টেশন বাজার, হলবাজার এলাকায় সন্ধ্যার পর থেকে রাত সাড়ে ৯ টা পর্যন্ত খোলা রাখার অপরাধে এবং সরকারি স্বাস্থ্যবিধি না মানায় সংক্রামক রোগ নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মুল আইন, ২০১৮ অনুযায়ী ১১টি প্রতিষ্ঠানে মোট সাড়ে ১২হাজার টাকা জরিমানা করা হয়। এমন অভিযান অব্যহত থাকবে বলেও জানান তিনি। এছাড়াও এলাকাবাসী ও পথচারীদের প্রয়োজনীয় নির্দেশনা দেন তিনি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে ব্রি ধান ৮৭ জাতের বীজ প্রদান

“সিসা ফেজ থ্রি” প্রকল্পের আওতায় মেহেরপুর জেলার মাঠ পর্যায়ে বীজ উৎপাদনকারী কোম্পানীকে ব্রি ধান ৮৭ জাতের বীজ প্রদান করেছে আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) ।

শনিবার শহরের স্কয়ার সীডের মাঝে আন্তর্জাতিক ধান গবেষনা ইনিস্টিটিউট এর সহযোগিতায় এবং ইউ এস এইড এর আর্থিক অনুদানে এ বীজ প্রদান করা হয়। এর আগে মেহেরপুর সহ যশোর, নড়াইল, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা জেলায় মাঠ পর্যায়ে স্থানীয় পাঁচটি বীজ উৎপাদনকারী কোম্পানীকে ব্রি ধান ৮৭ জাতের বীজ প্রদান করা হয়।

এসব বীজ পরবর্তীতে কোম্পানী তাদের নিজস্ব কৃষকদের মধ্যে বিতরন করা হবে বলে জানিয়েছেন আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্রের কর্মকর্তারা। এছাড়া যশোরের “কৃষি উন্নয়ন কেন্দ্র”, নড়াইলের “উজিরপুর অর্গানিক মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ”, ঝিনাইদহের “ফ্রেন্ডস সীড”, চুয়াডাঙ্গার “মর্ডান এগ্রো প্রাইভেট লিঃ” কে এই কার্যক্রমের আওতাভুক্ত করা হয়েছে বলেও জানান তারা।

আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্রের খুলনা অঞ্চলের কো- অর্ডিনেটর খন্দকার শফিকুল ইসলাম বলেন, এই জাতের ধানের চাষ কৃষক পর্যায়ে শস্য নিবিড়তা বৃদ্ধি এবং সঠিক শস্য পর্যায় বজায় রাখতে সহায়ক হিসাবে কাজ করবে। বীজ উৎপাদনে বীজ প্রত্যয়ন এজেন্সীর উৎপাদন পদ্ধতি অনুসরনে কোম্পানীগুলির সঙ্গে সিসা প্রকল্প কৃষক পর্যায়ে কারিগরী সহায়তা প্রদান করবে। আশা করা যাচ্ছে ব্রি ধান ৮৭ কৃষক পর্যায়ে ব্যপক আলোড়ন তৈরী করবে এবং এর চাষাবাদ ক্রমশ বিস্তার লাভ করবে।

আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্রের কৃষি উন্নয়ন কর্মকর্তা (সিমিট, যশোর) হারুন অর রশিদ জানান, সিসা ফেজ-থ্রি প্রকল্প মূলত অত্র অঞ্চলে উন্নত ও নতূন জাতের ধান কৃষক পর্যায়ে উৎপাদন বৃদ্ধি ও বাজার সম্প্রসারন নিয়ে কাজ করে আসছে। সেই লক্ষ্যে বীজ কোম্পানীর প্রায় ৭ হেক্টর জমিতে ৫০ জন কৃষকের মাঝে বীজ উৎপাদনের জন্য ব্রি ধান ৮৭ প্রদান করা হয়। এই জাতটি মূলত একটি চিকন জাতের ধান যার জীবন কাল ১২৭ দিন এবং উপযুক্ত পরিবেশে ফলন প্রতি হেক্টরে

৬.৫ টন পর্যন্ত হয়।

গাংনীতে ৫শ বছরের বট বৃক্ষ দেখতে এমপি সাহিদুজ্জামান খোকন

গাংনী সরকারি পাইলট বালিকা বিদ্যালয়ের সীমানা প্রাচীর সংলগ্ন একটি ঐতিহ্যবাহি প্রায় ৫শ বছরের বট বৃক্ষ দেখতে যান মেহেরপুর -২ গাংনী আসনের সাংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গত দু দিনের ভারি বর্ষনে বিদ্যালয়ের একটি বট গাছ ভেঙ্গে বিদ্যালয়ের সীমান প্রাচীর ও একটি গোল ঘরের ওপড়ে পড়লে তা ভেঙ্গে যায়। শনিবার দুপুরে এমপি সাহিদুজ্জামান খোকন গাছ ও বিদ্যালয়টি পরিদর্শনে যান এবং ক্ষতির দিক বিবেচনা করে আর্থিক সহায়তা প্রদানের আশ^◌াস দেন। সেই সাথে ভেঙ্গে পড়া গাছটি সরকারি বিধি অনুযায়ী অপসারণ ও বিক্রয়ের পরামর্শ মুলক আলোচনা করেন।

তিনি বলেন, দীর্ঘদিনের এই গাছটি ভেঙ্গে পড়ায় বিদ্যালয়ের অনেক টা ক্ষতি হয়েছে। এ গাছেন আশপাশে বৃক্ষ রোপন করতে হবে। সেই সাথে বিদ্যালয়টি পরিক্ষা কেন্দ্র হিসেবে ব্রাবহৃত হয় তাই দ্রত অপসারণ ও বিদ্যালয় মেরামত করা হবে। এসময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু সহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দরা উপস্থিত ছিলেন।

বিদ্যালয় সংলগ্ন ভেঙ্গে পড়াব ট গাছটি ৫শ বছরের বলে এলাকায় প্রবীণ ব্যাক্তিরা মতামত প্রকাশ করেছেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি র্আ এম সেলিম শাহনেওয়াজ বলেন,গাছটি ভেঙ্গে পড়ার বিষয়টি আমি শূনেছি। গাছটি দ্রত অপসারণ ও বিক্রয়ের জন্য ব্যাবস্থা গ্রহন করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[

শনিবার সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছেন মেহেরপুরের সিভিল সার্জন। আক্রান্তরা হলেন গাংনী র্যাব ক্যাম্পের এএসআই খবির মিয়া (৩৩), মেহেরপুর শহরের কাসারিপাড়ার তেলা মিয়ার স্ত্রী তানিয়া (৩৫) ও কোলা গ্রামের তরিকুল ইসলাম।
মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মোঃ নাসির উদ্দিন জানান,কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ৩৩ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এতে তিনজনের করোনা শনাক্ত হয়েছে। আক্রান্তদের বাড়ি সহ পার্শ্ববর্তী কয়েকটি বাড়ি ঘোষণার প্রক্রিয়া চলছে।

র্যাব সদস্যকে প্রাথমিক ভাবে ক্যাম্পের রুম আইসোলেশনে রাখা হয়েছে। অন্য আক্রান্ত দুজন তাদের বাড়িতেই থাকবেন।
এ নিয়ে জেলায় মোট ৪২ জন অাক্রান্ত হলেন। এর মধ্যে সুস্থ্য ২০ জন, মৃত ৪ জন, ১৮ জন চিকিৎসাধিন রয়েছে।

উল্লেখ্য: এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১৫৪৬টি, মৃত্যু – ৪ জন (১ জন নতুন)। সুস্থ্য= ২০ জন (৫ জন নতুন)। মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ১৮ জন।

করোনা কেড়ে নিল আরও ৩৭ জনের প্রাণ, শনাক্ত ৩২৪০

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৭ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৪২৫ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ২৪০ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৮ হাজার হাজার ৭৭৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন এক হাজার ৪৮ জন এবং মোট সুস্থ ৪৩ হাজার ৯৯৩ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ৭৭৯টি নমুনা